সংবাদ

তারিখ ... ১।৭।৮৩ ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৩ ...

008

# জাতীয় কম্পিউটার কমিটি গঠিত

সরকার সংস্থাপন ও পুনর্গঠন মন্ত্রী মেজর জেনারেল মহব্বত জান চৌধুরীকে চেয়ারম্যান করে দেশে কম্পিউটার প্রযুক্তি উন্নয়নে নীতি নির্দেশনা ও কৌশল প্রণয়নের লক্ষ্যে ১১ সদস্যের একটি জাতীয় কম্পিউটার কমিটি গঠন করেছেন।

কমিটির সদস্যরা হচ্ছেন: সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়কের প্রিন্সিপাল ষ্টাফ অফিসার মেজর জেনারেল মোজাম্মেল হোসেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি ডঃ এ, এম পাটোয়ারী, পরিকল্পনা কমিশনের মেম্বার (প্রোগামিং) জনাব মজিবুল হক, অর্থ বিভাগের সচিব জনাব সাইদুজ্জামান পরিসংখ্যান বিভাগের সচিব ডঃ এ, কে, এম গোলাম রব্বানী, আভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এস, বি, চৌধুরী, আণবিক শক্তি কমিশনের চেয়ারম্যান ডঃ আনোয়ার হোসেন, সেনাবাহিনীর সদর দপ্তরের ডিরেক্টর (সিগনালস্) ব্রিগেডিয়ার খালেদ আমিরুল করিম, বাংলাদেশ ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশনের সভাপতি এম, এফ, এ সিদ্দিকী এবং সিএমএলএ সচিবালয়ের কর্নেল ষ্টাফ ইমপ্লিমেন্টেশন কর্নেল আনোয়ার হোসেন চৌধুরী।